



৩০ হাজার কর্মী ছাঁটাইয়ের ঝুঁকিতে, অ্যামাজনে বড় পদক্ষেপ



সংগৃহীত ছবি

বিশ্বের অন্যতম ই-কমার্স জায়ান্ট অ্যামাজন ঘোষণা করেছে, তারা একযোগে প্রায় ৩০ হাজার কর্মী ছাঁটাই করতে যাচ্ছে। কোভিড মহামারীর সময় বিশালসংখ্যক কর্মী নিয়োগের পর এখন তাদেরকে প্রয়োজনের তুলনায় অতিরিক্ত মনে করা হচ্ছে। খরচ কমানো ও কর্মপরিসর আরও দক্ষ করার লক্ষ্যে প্রতিষ্ঠানটি এই সিদ্ধান্ত নিয়েছে। প্রায় ৩ লাখ ৫০ হাজার কর্পোরেট কর্মীর মধ্যে প্রায় ১০ শতাংশ চাকরি হারাতে পারেন। বিশেষ করে ম্যানেজার পদে থাকা কর্মীদের একটি বড় অংশ এই তালিকায় রয়েছে, যা অ্যামাজনের ভেতরের প্রশাসনিক জটিলতা কমানোর একটি পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।

এছাড়া গত দুই বছরে বিভিন্ন বিভাগে ধীরে ধীরে কর্মী কমানো শুরু করেছে প্রতিষ্ঠানটি। জুন মাসে সিইও অ্যান্ডি জেসি জানিয়েছিলেন যে, কিছু দৈনন্দিন কাজ এখন কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে সম্পন্ন করা হবে, যা ভবিষ্যতে ছাঁটাইয়ের আরও ইঙ্গিত দেয়।

সূত্র: সিএনএন নিউজ

LENS ASIA